দৈনিক ইত্তেফাক

03

তারিখ ... ... ... OCT. 0 2 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬.....

## কামিল কি মাস্টার্সের সমমান?

আমাদের দেশে বর্তমানে দাখিলকে এসএসসি, আলিমকে এইচএসসি, ফাজিলকে ডিগ্রী এবং কামিলকে মাস্টার্সের সমমান ধরা হয়। তাই দাখিল পাস করিয়া কলেজে এইচএসসি-তে এবং আলিম পাস করিয়া বিশ্ববিদ্যালয়গুলিতে অনার্সে ভর্তি হওয়া যায়। আবার চাকুরীর বেলায় কামিল পাস করিয়া মাদ্রাসায় এবং মাস্টার্স পাস করিয়া কলেজে প্রভাষক পদে থাকিয়া পাওয়া যায় একই স্কেল। দেখা যাইতেছে, উল্লিখিত ক্ষেত্রে এইগুলির মান সমান। কিন্তু স্কুলগুলিতে ব্যত্যয় লক্ষ্য করা যায়। কারণ একজন কামিল পাস মৌলভী শিক্ষক স্কুলে চাকুরী করিয়া সিনিয়র স্কেল পান। কিন্তু একজন মাস্টার্স পাস সহকারী শিক্ষক বিএড না থাকিলে জুনিয়র স্কেল পান। আবার দাখিল মাদ্রাসাগুলিতে কামিল পাস একজন সহকারী সুপার চাকুরীর শুরুতেই সিনিয়র স্কেল পান। কিন্তু স্কুলগুলিতে সহকারী প্রধান শিক্ষক মাস্টার্স পাস হইলেও বিএড না থাকিলে সিনিয়র স্কেল পান না। তবে কি কামিল আর মাস্টার্সকে সমমান বলা যাইবে? বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

সৈয়দ রুহুল আমিন,
সহকারী প্রধান শিক্ষক,
টিএম হাইস্কুল, পলাশ,
নরসিংদী